



মাদরাসা পরিদর্শন দফতর  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd iauins13@gmail.com

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৬/৬২২২

তারিখ : ২৯ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ  
১২ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ


**অফিস আদেশ**

পূর্ব চাঁদপুরা আহমাদিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: নৈমিত্র, উপজেলা: বরিশাল সদর, জেলা: বরিশাল-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ১৬.০৬.২০১৯ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০১৯ খ্রি. থেকে ৩০.০৬.২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত ৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো -

**শর্তসমূহ :**

- ১। উপাধ্যক্ষ, সহকারী মৌলভী ও সহকারী শিক্ষক (ইংরেজি) এর শূন্যপদ পূরণের ব্যবস্থা করতে হবে।
- ২। গভর্নিং বডি'র সভার মাধ্যমে অর্থ কমিটি ও অভ্যন্তরীণ অডিট কমিটি গঠন করতে হবে।
- ৩। লাইব্রেরীর জন্য আলাদা কক্ষ নির্ধারণ করে প্রয়োজনীয় আসবাবপত্র ও বই ক্রয় করে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।
- ৪। একাডেমিক কমিটি গঠন করে ক্লাস পর্যবেক্ষণ রিপোর্ট সংরক্ষণ এবং শ্রেণিকক্ষে মানসম্মত পাঠদানের জন্য সম্মানিত শিক্ষকবৃন্দকে নিয়ে কর্মশালার আয়োজন করতে হবে।
- ৫। প্রতিষ্ঠানের সকল আয় ক্যাশ কলাম বইতে আয়ের খাত অনুযায়ী রশিদ নম্বর উল্লেখসহ লিপিবদ্ধ করে ব্যয় খাতে ডেবিট ভাউচারে ক্রমিক নম্বর উল্লেখ করে ক্যাশ কলাম বইতে খাত অনুযায়ী লিপিবদ্ধ রাখতে হবে এবং গভর্নিং বডি'র সভায় মাদরাসার আয়-ব্যয় অনুমোদন নিতে হবে।
- ৬। শিক্ষার্থীদের নিকট থেকে আদায়কৃত অর্থের রশিদ প্রদান করে, যাবতীয় আয় ব্যাংকে জমা দিতে হবে।
- ৭। শিক্ষার্থীদের জন্য ইংরেজি ও আরবি ভাষা শিক্ষার ব্যবস্থা করতে হবে।
- ৮। মাদরাসার নামে যেসব জমির নামজারী নেই তা নামজারী করে হালনাগাদ খাজনা পরিশোধ করতে হবে।
- ৯। শ্রেণিকক্ষের জন্য প্রয়োজনীয় ব্লাক বোর্ড ও বেঞ্চ তৈরি করতে হবে।
- ১০। মাদরাসার সাইনবোর্ডে বাংলা নামের সাথে আরবি নাম এবং “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” লেখাটি যুক্ত করতে হবে।
- ১১। অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ৮ (আট) মাস পূর্বে নবায়নের জন্য নির্ধারিত ফরমে মাদরাসা পরিদর্শক বরাবর আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

 12.02.2020

(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতি: দায়িত্ব)

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইল: ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

পূর্ব চাঁদপুরা আহমাদিয়া ফাজিল মাদরাসা


ডাকঘর: নৈমিত্র, উপজেলা: বরিশাল সদর, জেলা: বরিশাল।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৬/৬২২২

তারিখ : ২৯ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ  
১২ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :**

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইফাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৫। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। সভাপতি, পূর্ব চাঁদপুরা আহমাদিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: নৈমিত্র, উপজেলা: বরিশাল সদর, জেলা: বরিশাল।
- ৭। অফিস নথি।

 12.02.2020

(শিরিনা আক্তার)

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইল: ০১৬৪২-১০০০১৫

অধি/নবায়ন/ফাইল নং-বরিশাল-১৬